# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

### Daily Live Exam Bangla Literature-02

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

শ্রীচৈতন্যদেব কোন মতবাদের অনুসারী ছিলেন?

A বৈষ্ণব ✔

B বৌদ্ধ

C নাথ

D শৈব

**Solution:**
তৎকালীন সামাজিক ও ধর্মীয় পটভূমিকায় শ্রীচৈতন্যের আবির্ভাব এক যুগান্তকারী ঘটনা হিসেবে বিবেচিত হতে পারে। মুসলমান শাসন ও ইসলাম ধর্মের সম্প্রসারণের প্রেক্ষিতে তৎকালীন হিন্দু সমাজে যে বিপর্যয়ের সৃষ্টি হয়েছিল তাকে প্রতিরোধ করার মন্ত্র ছিল চৈতন্যদেবের প্রচারিত বৈষ্ণব মতবাদের মধ্যে।

Question 2

চৈতন্যপ্রভাবের সর্বোৎকৃষ্ট ফসল কোনটি?

A মঙ্গলকাব্য

B বৈষ্ণব সাহিত্য ✔

C রোমান্টিক প্রণয়োপাখ্যান

D অনুবাদ সাহিত্য

**Solution:**
চৈতন্য-জীবনচরিতগুলো বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করলেও চৈতন্যপ্রভাবের সর্বোৎকৃষ্ট ফসল পদাবলি সাহিত্য। চৈতন্যপ্রভাবেই বাংলা ভাষা গোঁড়া ব্রাহ্মণের নিকটও সংস্কৃতের ন্যায় আদরণীয় হয়ে উঠে। বৈষ্ণব পদাবলি ও জীবনী সাহিত্য মধ্যযুগের বাংলা সাহিত্যকে গতানুগতিকতার ধূলিধূসর পথ থেকে প্রেমসৌন্দর্য ও অধ্যাত্মলোকের আলোকতীর্থে নিয়ে গেছে।

Question 3

শাহ মুহাম্মদ সগীর কোন শতকের কবি?

A. পনের ✔
B. ষোল
C. সতের
D. আঠারো

**Solution:**
বিভিন্ন শতকে যে-সব মুসলিম কবি কাব্যরচনা করেছেন তাদের নাম:
**পনের শতক:** শাহ মুহম্মদ সগীর, জয়েন উদ্দীন (জৈনদ্দীন)।
**ষোল শতক:** শেখ কবীর, চাঁদ কাজী, শেখ ফয়জুল্লাহ, শাহ্ বারিদ খান, দৌলত উজির বাহরাম খান।
**সতের শতক:** মুহম্মদ আকিল, কাজী দৌলত, আলাওল, মাগন ঠাকুর।
**আঠার শতক:** ফকির গরীবুল্লাহ, সৈয়দ হামজা।

Question 4

কোনটি শাহ মুহাম্মদ সগীরের রচনা?

A. লায়লী মজনু
B. মধুমালতী
C. ইউসুফ জোলেখা ✔
D. গুলে বকাওলী

**Solution:**
'ইউসুফ-জোলেখা' একটি কাহিনি কাব্যগ্রন্থ; শাহ মুহম্মদ সগীর লিখেছেন। গৌড়ের সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে (১৩৮৯-১৪০৯) এ গ্রন্থ রচিত হয়েছিল বলে প্রমাণ মিলেছে। সে-বিচারে কাব্যটি পঞ্চদশ শতাব্দীর প্রথম দিকের রচনা এবং শাহ মুহম্মদ সগীর বাংলা সাহিত্যের প্রথম মুসলিম কবি হিসেবে গণ্য। তিনি কোরান ও ফেরদৌসির কাছ থেকেই কাহিনিসূত্র গ্রহণ করে ইউসুফ ও জোলেখার প্রণয়কাহিনি লেখেন।

Question 5

বাহরাম খান কোন অধিপতির পৃষ্ঠপোষকতা গ্রহণ করেন?

A গিয়াসউদ্দীন আজম শাহ

B নিজাম শাহ ✔

C আলাউদ্দিন হোসেন শাহ

D মাহমুদ শাহ

**Solution:**
দৌলত উজির বাহরাম খান রচিত 'লায়লী মজনু'। বাহরাম খান চট্টগ্রাম-অধিপতি নিজাম শাহ সুরের রাজত্বকালে বর্তমান ছিলেন। 'লায়লী-মজনু' কাব্য পারসি কবি জামির 'লায়লী-মজনু' কাব্যের ভাবানুবাদ।

Question 6

কোনটির অনুবাদের মাধ্যমে মধ্যযুগে অনুবাদ সাহিত্যের সূচনা হয়?

A মহাভারত

B রামায়ণ ✔

C ভাগবত

D বিদ্যাসুন্দর

**Solution:**
মধ্যযুগের বাংলা সাহিত্যের বিস্তৃত অঙ্গন জুড়ে রয়েছে অনুবাদ সাহিত্য। কৃত্তিবাস ওঝা কর্তৃক রামায়ণ অনুবাদের মাধ্যমে মধ্যযুগে অনুবাদ সাহিত্যের সূচনা হয়।

Question 7

মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলিম কবি কে?

A বাহরাম খান

B আলাওল ✔

C আবদুল হাকিম

D দৌলত কাজী

**Solution:**
মধ্যযুগের শ্রেষ্ঠ মুসলিম কবি আলাওল, যাঁর একাধিক গ্রন্থ বিশেষ মূল্যবান। তিনি সতের শতকের কবি। ‘পদ্মাবতী’ তাঁর অমর কীর্তি।

Question 8

হিন্দু কবি রচিত মর্সিয়া সাহিত্যের গ্রন্থ কোনটি?

A আফৎনামা ✔

B মুক্তল হোসেন

C গোপীচন্দ্রের সন্ন্যাস

D জঙ্গনামা

**Solution:**
মর্সিয়া সাহিত্যে একজন হিন্দু কবি হচ্ছেন রাধারমণ গোপ। তাঁর রচিত গ্রন্থ: ইমামগণের কেচ্ছা, আফৎনামা।

Question 9

“যে সব বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী,
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।” আবদুল হাকিমের কোন কাব্যে এ পঙ্‌ক্তি পাওয়া যায়?

A দুরার মজলিশ

B নূরনামা ✔

C লালমোতি সয়ফুলমুলুক

D হানিফার লড়াই

**Solution:**
আবদুল হাকিমের মাতৃভাষার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে রচিত প্রবাদতুল্য পঙ্‌ক্তি দুটি হলো: যে সব বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।।
‘নূরনামা’ কাব্যে তিনি এই প্রবাদতুল্য পঙ্‌ক্তি দুটো লিখেন।

Question 10

কোনটি চন্দ্রাবতী রচিত কাব্য নয়?

A মলুয়া

B রামায়ণ

C দস্যু কেনারামের পালা

D কৃষ্ণ গুণার্ণব ✔

**Solution:**
দ্বিজ বংশীদাস রচিত কাব্য কৃষ্ণ গুণার্ণব। চন্দ্রাবতী রচিত কাব্যগুলোর নাম: মলুয়া, দস্যু কেনারামের পালা, রামায়ণ ইত্যাদি।

Question 11

আলাওলের শেষ কাব্যগ্রন্থ কোনাটি?

A সিকান্দারনামা ✔

B তোহফা

C সয়ফুল মুলুক বদিউজ্জামান

D সপ্তপয়কর

**Solution:**
'সিকান্দারনামা' আলাওলের শেষ কাব্যগ্রন্থ। কবি আলাওল আরাকানের রাজা থিরি থু ধম্মার প্রধান অমাত্য নবরাজ মজলিশের আদেশ ও পৃষ্ঠপোষকতায় ১৬৭১ থোক ১৬৭৩ খ্রিষ্টাব্দের মধ্যে এটি রচনা করেন।

Question 12

ভারতচন্দ্র রায়গুণাকরের শ্রেষ্ঠ সৃষ্টি কোনটি?

A মানসিংহ ভবানন্দ উপাখ্যান

B সত্যনারায়ণের পাঁচালী

C অন্নদামঙ্গল ✔

D ভারত পাঁচালী

**Solution:**
ভারতচন্দ্র রায়গুণাকর বেশ কিছু গ্রন্থ রচনা করলেও তাঁর শ্রেষ্ঠসৃষ্টি 'অন্নদামঙ্গল' ও এই কাব্যের দ্বিতীয়াংশ 'বিদ্যাসুন্দর'। সংস্কৃত, আরবি, পারসি ও হিন্দুস্তানি ভাষার মিশ্রণে আশ্চর্য নতুন এক বাগভঙ্গি ও প্রাচীন সংস্কৃত ছন্দের অনুকরণে বাংলা কবিতায় নিপুণ ছন্দপ্রয়োগ ছিল তাঁর কাব্যের বৈশিষ্ট্য।

Question 13

মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন কে?

A আবদুল হাকিম

B শাহ মুহাম্মদ সগীর ✔

C বাহরাম খান

D সৈয়দ সুলতান

**Solution:**
শাহ মুহাম্মদ সগীর মূলত কবি ছিলেন। তিনি মধ্যযুগে মুসলমান কবিদের মধ্যে সর্বাপেক্ষা প্রাচীন। তাঁর রচিত কাব্যটির নাম ‘ইউসুফ-জোলেখা’।

Question 14

‘লাইলী মজনু’ কাব্যের উপাখ্যান কোন দেশের?

A সৌদি আরব

B ইরান ✔

C ইরাক

D মিশর

**Solution:**
দৌলত উজির বাহরাম খাঁ রচিত লায়লী-মজনু কাব্য পারসিয়ান (ইরান) কবি নিজামীর ‘লায়লা ওয়া মজনুন’ কাব্যের ভাবানুবাদ।

Question 15

কার পৃষ্ঠপোষকতায় রোসাঙ্গ রাজসভায় বাংলা চর্চা শুরু হয়?

A দৌলত কাজী

B আলাওল

C মরদন

D কোরেশী মাগন ঠাকুর ✔

**Solution:**
কোরেশী মাগন ঠাকুর ছিলেন রোসাঙ্গরাজের প্রধানমন্ত্রী। মূলত তার পৃষ্ঠপোষকতায় রোসাঙ্গ রাজসভায় বাংলা চর্চা শুরু হয়। যেমন কবি আলাওলের ‘পদ্মাবতী’ রচনা কোরেশী মাগন ঠাকুরের পৃষ্ঠপোষকতার ফসল।

Question 16

বাংলা সাহিত্যের মধ্যযুগ কোনটি?

A ৯০১-১২০০

B ১২০১-১৮০০ ✔

C ১২০১-১৩৫০

D ১৫০১-১৯০০

**Solution:**
মধ্যযুগ ১২০১ থেকে ১৮০০ খ্রিষ্টাব্দ পর্যন্ত সম্প্রসারিত। মধ্যযুগের প্রথম নিদর্শন বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’।

Question 17

‘শ্রীরাম পাচাঁলি’ অনূদিত গ্রন্থটির রচয়িতা কে?

A কাশিরাম দাস

B কৃত্তিবাস ওঝা ✔

C দাশরথি রায়

D শ্রীকর নন্দী

**Solution:**
কবি কৃত্তিবাস ওঝা কর্তৃক অনুবাদকৃত রামায়ণের নাম ‘শ্রীরাম পাঁচালি’। কৃত্তিবাস যেসব গ্রন্থকে উৎস গ্রন্থ হিসেবে ব্যবহার করে রামায়ণ অনুবাদ করেন তার মধ্যে দেবী ভাগবত অন্যতম। এছাড়া বাল্মীকির রামায়ণ, হাকন্দ পুরাণ, পদ্মপুরাণ, মার্কেণ্ডের পুরাণ প্রভৃতি গ্রন্থকেও তিনি উৎস হিসেবে ব্যবহার করেন।

Question 18

বাংলায় প্রথম পবিত্র কোরআনের অনুবাদক-

A মীর মোশাররফ হোসেন

B মুহাম্মদ হাবিবুর রহমান

C মাওলানা আকরাম খাঁ

D গিরিশচন্দ্র সেন ✔

**Solution:**
গিরিশচন্দ্র সেন ছিলেন একজন বাঙালি ধর্মবেত্তা, অনুবাদক ও বহুভাষীকে। তার উপাধি ছিল ‘ভাই’ ও প্রথম বাংলা ভাষায় কোরআন শরীফের পূর্ণাঙ্গ অনুবাদক।

Question 19

“বড়র পিরীতি বালির বাঁধ
ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ”- চরণটি কার রচনা?

A রামপ্রসাদ সেন

B কানাহরি দত্ত

C বিদ্যাপতি

D ভারতচন্দ্র রায়গুণাকর ✔

**Solution:**
ভারত চন্দ্র রায়গুণাকরের বিখ্যাত কিছু উক্তি-
“বড়র পিরীতি বালির বাঁধ
ক্ষণে হাতে দড়ি ক্ষণেকে চাঁদ।”
আমার সন্তান যেন থাকে দুধে-ভাতে।
নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।
মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন।
“হাভাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায়”।

Question 20

‘জ্ঞানপ্রদীপ’ কাব্যটি কে রচনা করেন?

A আলাওল

B দৌলতকাজী

C সৈয়দ সুলতান ✔

D আব্দুল হাকিম

**Solution:**
সৈয়দ সুলতান (১৫৫০-১৬৪৮), বাংলা সাহিত্যের মধ্যযুগীয় কবি। তিনি বহু পরমার্থ বিষয়ক সংগীত রচয়িতা। তার রচিত জ্ঞান প্রদীপ গ্রন্থে গভীর সাধনতত্ত্ব আলোচিত হয়েছে। তার অন্যান্য গ্রন্থ হচ্ছে 'নবী বংশ', 'জ্ঞান চৌতিশা', 'জয়কুম রাজার লড়াই', 'রসুল বিজয়' এবং 'শবে মেরাজ'।

Question 21

'শাহ্নামা' মৌলিক গ্রন্থটি কার?

A মালিক জয়সী

B ফেরদৌসী ✓

C সৈয়দ হামজা

D কাজী দৌলত উজির বাহরাম খাঁ

**Solution:**
ইরানের বিখ্যাত মহাকাব্য 'শাহ্নামা' গজনির গজনভি রাজবংশের অধিপতি সুলতান মাহমুদের রাজসভার কবি আবুল কাসিম মনসুর ফেরদৌসী রচনা করেন।

Question 22

দৌলত উজির বাহরাম খানের রচিত কাব্য কোনটি?

A গুলে বকাওলী

B ইউসুফ-জোলেখা

C নবীবংশ

D লায়লী-মজনু ✓

**Solution:**
দৌলত উজির বাহরাম খান রচিত 'লায়লী মজনু'। বাহরাম খান চট্টগ্রাম-অধিপতি নিজাম শাহ সুরের রাজত্বকালে বর্তমান ছিলেন। 'লায়লী-মজনু' কাব্য পারসি কবি জামির 'লায়লী-মজনু' কাব্যের ভাবানুবাদ।

Question 23

সিংহল দ্বীপের বর্ণনা মহাকবি আলাওলের কোন কাব্যে পাওয়া যায়?

A সিকান্দর নামা

B সয়ফুলমুলুক বদিউজ্জামাল

C হপ্তপয়কর

D পদ্মাবতী ✔

**Solution:**
কবি মালিক মুহম্মদ জায়সী রচিত হিন্দি 'পদুমাবৎ' অবলম্বনে সপ্তদশ শতকের শ্রেষ্ঠ কবি আলাওল রচিত 'পদ্মাবতী' কাব্যে সিংহল দ্বীপের বর্ণনা পাওয়া যায়।

Question 24

'শ্রীকৃষ্ণ বিজয়' কাব্যটির রচয়িতা কে?

A বাল্মীকি

B চন্দ্রাবতী

C শ্রীকর নন্দী

D মালাধর বসু ✔

**Solution:**
মালাধর বসু হলেন ভাগবতের প্রথম এবং শ্রেষ্ঠ অনুবাদক কবি। তিনি অনুবাদ সাহিত্যের দ্বিতীয় কবি। তিনি হোসেন শাহের পৃষ্ঠপোষকতায় কাব্য চর্চা করেন। রুকনুদ্দিন বারবক শাহ তাকে 'গুণরাজ খান' উপাধি প্রদান করেন।
তার কাব্যের নাম – 'শ্রীকৃষ্ণ বিজয়'। তার কাব্য 'গোবিন্দবিজয়' বা 'গোবিন্দমঙ্গল' নামেও পরিচিত।

Question 25

মধ্যযুগের কোন সাহিত্যিকের পদবি ছিল 'মুখোপাধ্যায়'?

A কৃত্তিবাস ওঝা ✔

B জ্ঞানদাস

C মানিক দত্ত

D গোবিন্দদাস

**Solution:**
বাল্মীকির রামায়ণের প্রথম ও শ্রেষ্ঠ অনুবাদক ছিলেন কৃত্তিবাস ওঝা। তার রচিত রামায়ণকে শ্রীরাম পাঁচালিও বলা হয়। রামায়ণের অনুবাদের মাধ্যমে কবি কৃত্তিবাস মধ্যযুগের অনুবাদ সাহিত্যের প্রথম জয়যাত্রা শুরু করেন। কৃত্তিবাসের পদবি ছিল মুখোপাধ্যায়।

Question 26

‘নবীবংশ’ কার রচনা?

A মরদন

B মুহম্মদ মুকিম

C সৈয়দ সুলতান ✔

D শমসের আলী

**Solution:**
স’লাবা রচিত ‘কাসাসুল আম্বিয়া’ থেকে অনূদিত কাব্য ‘নবীবংশ’ এর রচয়িতা সৈয়দ সুলতান। ‘নবীবংশ’ কাব্যের প্রথমে আল্লাহর গুণকীর্তন করে কবি সৈয়দ সুলতান হযরত মুহাম্মদ (সা.) এর জন্মবৃত্তান্ত শুরু করার আগে আঠারজন নবীর কাহিনি বর্ণনা করেছেন। আদম (আ.) এর কাহিনি প্রথম এবং ঈসা (আ.) এর কাহিনি দিয়ে নবীবংশ প্রথম পর্বের সমাপ্তি ঘটান। তিনি ১৫৮৪ সালে নবীবংশ কাব্য রচনা করেন।

Question 27

রোমান্টিক কাব্যের কবি নন কে?

A কোরেশী মাগন ঠাকুর

B দোনাগাজী চৌধুরী

C শেখ ফয়জুল্লাহ ✔

D সাবিরিদ খান

**Solution:**
রোমান্টিক কাব্যধারার উল্লেখযোগ্য কবি- কোরেশী মাগন ঠাকুর, দোনাগাজী চৌধুরী, সাবিরিদ খান, শাহ মুহম্মদ সগীর, দৌলত উজির বাহরাম খান, আলাওল, মুহম্মদ কবীর প্রমুখ। শেখ ফয়জুল্লাহ মর্সিয়া সাহিত্য ধারার কবি।

Question 28

বিখ্যাত কাব্য ‘সত্যপীরের পাঁচালী’ কার রচনা?

A ভারতচন্দ্র রায়গুণাকর ✔

B বিদ্যাপতি

C দাশরথি রায়

D কোনটিই নয়

**Solution:**
ভারতচন্দ্র রায়গুণাকর (১৭১২ – ১৭৬০) অষ্টাদশ শতাব্দীর শ্রেষ্ঠ বাঙালি কবি ও মঙ্গলকাব্যের সর্বশেষ শক্তিমান কবি। হাওড়া জেলার পেঁড়ো-বসন্তপুরে জন্ম হলেও পরবর্তী জীবনে তিনি নদিয়ার কৃষ্ণনগর রাজপরিবারে আশ্রয় গ্রহণ করেন। তার একটি বিখ্যাত কাব্য সত্যপীরের পাঁচালী। ভারতচন্দ্র ১৭৬০ সালে মৃত্যুবরণ করেন এবং তার মৃত্যুর সাথে সাথে বাংলা সাহিত্যের মধ্যযুগের সমাপ্তি হয়।

Question 29

মুকুন্দরাম চক্রবর্তীকে ‘কবিকঙ্কণ’ উপাধি দেন কে?

A জমিদার নিজাম শাহ

B জমিদার রঘুনাথ ✔

C জমিদার শ্রীজীব গোস্বামী

D জমিদার বাঁকুড়া রায়

**Solution:**
‘চণ্ডীমঙ্গল’ কাব্যের শ্রেষ্ঠ কবি বলা হয় কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তীকে। জমিদার রঘুনাথের সভাসদরূপে থাকাকালীন তাঁর নির্দেশে মুকুন্দরাম শ্রীশ্রীচণ্ডীমঙ্গল কাব্য রচনা করেন। রঘুনাথ কবিপ্রতিভার স্বীকৃতিস্বরূপ তাঁকে ‘কবিকঙ্কণ’ উপাধি দেন।

Question 30

মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন-

A তুর্কি শাসকবর্গ

B মুঘল সম্রাটগণ

C পাঠান সুলতানগণ ✔

D সংস্কৃত পণ্ডিতগণ

**Solution:**

মধ্যযুগে বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতায় অগ্রণী ভূমিকা পালন করেন পাঠান সুলতানগণ। এদের মধ্যে অন্যতম- জালালউদ্দিন মুহম্মদ শাহ, গিয়াসউদ্দিন আজম শাহ, রুকনউদ্দিন বারবক শাহ, কোরেশী মাগন ঠাকুর, নেজাম শাহ, আলাউদ্দিন হোসেন শাহ প্রমুখ।

Back